তাসনুভা তিশা : “বিয়ে করাটাই সবচেয়ে বড় ভুল ”

written by Chandradip News24 | December 4, 2024

ছোট পর্দার জনপ্রিয় অভিনেত্রী তাসনুভা তিশা সম্প্রতি এক সাক্ষাৎকারে বিয়ে নিয়ে তার ব্যক্তিগত মতামত প্রকাশ করেছেন। তিনি বিয়ে করাকে জীবনের সবচেয়ে বড় ভুল বলে মন্তব্য করেন। তবে এর পেছনের কারণ খোলাসা করেননি।

২০১৪ সালে ভালোবেসে ফারজানুল হককে বিয়ে করেন তিশা। তাদের সংসারে একটি কন্যা ও একটি পুত্র সন্তান রয়েছে। কিন্তু ২০১৮ সালে সেই সংসার ভেঙে যায়। পরে, দীর্ঘদিন সিঙ্গেল মাদার হিসেবে সন্তানদের লালন-পালনের পর ২০২২ সালে আজগর নামের এক যুবককে বিয়ে করেন তিনি।

তাসনুভা বলেন, “আমি মনে করি, আমার সন্তানদের বিয়ের জন্য কখনো চাপ দেব না। যদি তাদের ইচ্ছা হয়, তবে আটকাবো না। তবে তাদের

উৎসাহিত করবো না। কারণ বিয়ে একটি বিশাল দায়িত্ব, বিশেষ করে মেয়েদের জন্য। তাদের নতুন পরিবেশে মানিয়ে নিতে হয়, যা সহজ নয়। ”

তবে তাসনুভার এই মন্তব্য ঘিরে সমালোচনা শুরু হলেও তিনি স্পষ্ট করে বলেছেন, এটি তার ব্যক্তিগত অভিজ্ঞতা এবং মতামত।

বর্তমানে তিশাকে অভিনেতা আরশ খানের সঙ্গে একাধিক নাটকে কাজ করতে দেখা যাচ্ছে। এ নিয়ে প্রেমের গুঞ্জন শোনা গেলেও তাসনুভা জানিয়েছেন, এটি শুধু কাজের সম্পর্ক।

মো : আল-আমিন
স্টাফ করেসপন্ডেন্ট, চন্দ্রদ্বীপ নিউজ ২৪ ডট কম